

السَّمِيعُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ২৭ তম নাম ‘السَّمِيعُ’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘السَّمِيعُ’ শব্দের মূল س - م - ع , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ১৮৫ বার এসেছে। শুনা, শুনানো, কান পাতা, যে শুনে, সর্বশ্রোতা ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ السَّمِيعُ অর্থ: তিনি সবকিছু শুনেন।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

وَتَمَّتْ كَلِمَةُ رَبِّكَ صِدْقًا وَعَدْلًا لَا مُبَدَّلَ لِكَلِمَاتِهِ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ ﴿١١٥﴾

তোমার প্রভুর বাণী সত্য ও ন্যায়ে পরিপূর্ণ। তাঁর বাণী বদল করার কেউ নেই। তিনি সব শুনেন, সব জানেন। (সূরা আনআম: আয়াত নং ১১৫)

وَلَا يَخْزُنُكَ قَوْلُهُمْ إِنَّ الْعِزَّةَ لِلَّهِ جَمِيعًا هُوَ السَّمِيعُ الْعَلِيمُ ﴿٦٥﴾

[হে নবী! এরা তোমাকে যা কিছু বলছে]

তাদের কথা যেন তোমাকে দুঃখ না দেয়। সমস্ত ইজ্জত ও শক্তির মালিক তো আল্লাহ। তিনি সবকিছু শুনেন, সব জানেন। (সূরা ইউনূছ: আয়াত নং ৬৫)

إِنَّهُ هُوَ السَّمِيعُ الْعَلِيمُ ﴿٢٢٠﴾

তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞানী। (সূরা আশ শোয়ারা: আয়াত নং ২২০)

وَكَأَيِّن مِّن دَابَّةٍ لَّا تَحْمِلُ رِزْقَهَا اللَّهُ يَرْزُقُهَا وَإِيَّاكُمْ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ ﴿٦٠﴾

এমন অনেক জীব-জানোয়ার আছে যারা নিজেদের রিযিক মওজুদ করে রাখে না, আল্লাহ তাদের রিযিক দেন এবং তোমাদেরকেও। তিনি সব শুনে, সব জানেন। (সূরা আনকাবুত: আয়াত নং ৬০)

مَنْ كَانَ يَرْجُو لِقَاءَ اللَّهِ فَإِنَّ أَجَلَ اللَّهِ لَآتٍ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ ﴿٥﴾

যে ব্যক্তি আল্লাহর সাক্ষাত কামনা করে, (সে জেনে রাখুক) সাক্ষাতের সেই নির্ধারিত সময়টি অবশ্যই আসবে। তিনি সবকিছু শুনে, সবকিছু জানেন। (সূরা আনকাবুত: আয়াত নং ৫)

মুসলিম শরীফের হাদিস-

রাসূল (সা:) দোয়া করতেন-

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ عِلْمٍ لَا يَنْفَعُ، وَمِنْ قَلْبٍ لَا يَخْشَعُ، وَمِنْ نَفْسٍ لَا تَشْبَعُ، وَمِنْ دَعْوَةٍ لَا يُسْتَجَابُ لَهَا -

‘হে আল্লাহ আমি তোমার কাছে আশ্রয় চাই অনুপকারী ইলম থেকে, আল্লাহর ভয় শূন্য হৃদয় থেকে, অতৃপ্ত নফস থেকে এবং এমন দোয়া থেকে যা কবুল করা হয় না’।

যিনি সব শুনে তিনি আল্লাহ। বান্দার প্রকাশ্য-অপ্রকাশ্য সব কথাবার্তা, কার্যকলাপ সর্বশ্রোতা আল্লাহ শুনে। তাঁর ভয় হৃদয়ে থাকলে, মানুষ পাপ কাজ ও শিরক করতে পারেনা।

কারণ, বিচারের দিন তাঁর সাথে আমাদের অবশ্যই সাক্ষাৎ হবে এবং আমাদের ভালো অথবা খারাপ কাজের প্রতিদান দেয়া হবে।

আসন, সর্বশ্রোতা আল্লাহ রাব্বুল আলামিনের নির্দেশ মোতাবেক আমরা জীবন যাপন করি, তাঁর সাথে আমরা কাউকে শরিক না করি। শিরকের পাপ আল্লাহ ক্ষমা করবেন না। আল্লাহ السَّمِيعُ আমাদেরকে শিরিক মুক্ত জীবনযাপনের তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ায়াহমা তুল্লাহি ওয়াবারাকাতুহা